গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় শাখা
www.plandiv.gov.bd

স্মারক নং-২০.০০.০০০০.৩৩২.০৬.০০১.২৩-৪৩৫

তারিখ : ২০ আশ্বিন ১৪৩০ / ০৫ অক্টোবর ২০২৩

**বিষয় : ০৪ অক্টোবর ২০২৩ তারিখ অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।**

পরিকল্পনা বিভাগের মাসিক সমন্বয় সভা ০৪ অক্টোবর ২০২৩ তারিখ বেলা ০২:৩০ ঘটিকায় পরিকল্পনা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভার অনুমোদিত কার্যবিবরণী পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে এতদ্সংগে প্রেরণ করা হলো।

২। এমতাবস্থায়, সভায় গৃহীত সিদ্ধান্তের উপর সংশ্লিষ্ট কর্মকর্তা/শাখা/অধিশাখা কর্তৃক গৃহীত কার্যক্রম/বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন **আগামী ৩১/১০/২০২৩ তারিখের মধ্যে হার্ডকপি ও সফটকপি (ই-মেইল: dsplandivco@gmail.com)** পরিকল্পনা বিভাগের সমন্বয় শাখায় প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তি:** কার্যবিবরণী ১১ (এগারো) পৃষ্ঠা।

০৫/১০/২০২৩
(মোঃ নজরুল ইসলাম)
সহকারী সচিব
ফোন: ৯১৮০৫৮৪
ই-মেইল: dsplandivco@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, আগারগাঁও, ঢাকা।
২. অতিরিক্ত সচিব, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৩. প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা।
৪. যুগ্মসচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৫. যুগ্মপ্রধান (সকল), সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৬. উপসচিব/উপপ্রধান (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৭. নির্বাহী প্রকৌশলী, ইএম বিভাগ-৭ গণপূর্ত বিভাগ, জাতীয় সংসদ ভবন, ঢাকা।
৮. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-২, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৯. সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১০. সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল), পরিকল্পনা বিভাগ, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।**
১১. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পরিকল্পনা বিভাগ, সচিবালয় ভবন, ফেজ-৩, সেগুনবাগিচা, ঢাকা।
১২. সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৩. মেডিকেল অফিসার, স্বাস্থ্য কেন্দ্র, পরিকল্পনা মন্ত্রণালয় ক্যাম্পাস, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১৪. উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত উপ-বিভাগ-৩, পরিকল্পনা কমিশন চত্বর, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১৫. উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত ই/এম উপ-বিভাগ-১৪, জাতীয় সংসদ ভবন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১৬. বাজেট অফিসার/হিসাবরক্ষণ কর্মকর্তা/লাইব্রেরী অফিসার/ডকুমেন্টেশন অফিসার, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৭. উপ-পুলিশ পরিদর্শক, পরিকল্পনা কমিশন চত্বর, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১৮. উপ-সহকারী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-১৪, পরিকল্পনা কমিশন চত্বর, শের-ই-বাংলা নগর, ঢাকা।

**অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিবের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. সদস্যের একান্ত সচিব, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সদস্যের একান্ত সচিব, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সদস্যের একান্ত সচিব, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. সদস্যের একান্ত সচিব, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. সদস্যের একান্ত সচিব, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. সদস্যের একান্ত সচিব, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় শাখা
www.plandiv.gov.bd

**বিষয় : পরিকল্পনা বিভাগের সেপ্টেম্বর ২০২৩ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোসাম্মৎ নাসিমা বেগম
সদস্য (সিনিয়র সচিব), পরিকল্পনা কমিশন

তারিখ : ০৪ অক্টোবর ২০২৩

সময় : বেলা ০২.৩০ ঘটিকা

স্থান : এনইসি সম্মেলন কক্ষ

উপস্থিতি : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পরিকল্পনা বিভাগের যুগ্মসচিব (সমন্বয়) সভার কার্যপত্র উপস্থাপন করেন। অতঃপর আলোচ্য বিষয়ের উপর নিম্নরূপ আলোচনা এবং সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | বিষয়বস্তু ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | **বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ:**<br>৩০ আগস্ট ২০২৩ তারিখ অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের জন্য সভায় উপস্থাপন করা হয়। | কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন/ সংযোজন না থাকায় ৩০ আগস্ট ২০২৩ তারিখ অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | যুগ্মসচিব (সমন্বয়)<br>পরিকল্পনা বিভাগ |
| ২। | **প্রকল্প প্রক্রিয়াকরণ:**<br>যুগ্মসচিব (সমন্বয়) সভাকে অবহিত করেন যে, উন্নয়ন প্রকল্প প্রক্রিয়াকরণ সংক্রান্ত তথ্যাদি পিপিএম সফটওয়্যারে হতে সংগ্রহ করা হয়েছে। ২০২৩-২৪ অর্থবছরে পিপিএম সফ্টওয়্যার হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী এডিপিতে বরাদ্দবিহীন অন্তর্ভুক্ত প্রকল্পের সংখ্যা ১১৭৩টি। তন্মধ্যে সম্পূর্ণ জিওবি অর্থায়নে ৯৪১টি প্রকল্পের মধ্যে ইতোমধ্যে অনুমোদিত প্রকল্প সংখ্যা ১১২টি এবং বৈদেশিক সহায়তা প্রাপ্তির সুবিধার্থে ২৩২টি প্রকল্পের মধ্যে ইতোমধ্যে অনুমোদিত হয়েছে ১৩টি প্রকল্প। বিবেচ্য মাসে (সেপ্টেম্বর ২০২৩) পিইসি/ এসপিইসি'র সংখ্যা ১৪টি, অনুমোদিত প্রকল্পের সংখ্যা ১০টি, মন্ত্রণালয়ের ফেরত পাঠানো প্রকল্পের সংখ্যা ২টি এবং প্রক্রিয়াধীন প্রকল্প সংখ্যা ৬২টি। ২০-কার্যদিবসের মধ্যে পিইসি/এসপিইসি হয়নি এরূপ প্রকল্পের সংখ্যা ১৮টি। | উন্নয়ন প্রকল্প প্রক্রিয়াকরণ সংক্রান্ত তথ্যাদি পিপিএম সফ্টওয়্যারে নিয়মিত আপডেট করতে হবে। প্রকল্প প্রক্রিয়াকরণে আরো তৎপর হতে হবে। | প্রধান<br>(সকল সেক্টর/ডিভিশন)<br>পরিকল্পনা কমিশন<br>এবং<br>প্রকল্প পরিচালক<br>এসডিবিএম প্রকল্প |
| ৩। | **PPS Software এর মাধ্যমে উন্নয়ন প্রকল্প প্রক্রিয়াকরণ:**<br>সিনিয়র সিস্টেম এনালিস্ট সভাকে অবহিত করেন যে, PPS Software কার্যকর করার বিষয়ে উন্নয়ন প্রকল্প | উন্নয়ন প্রকল্প প্রক্রিয়াকরণের সাথে সংশ্লিষ্ট পরিকল্পনা কমিশন, পরিকল্পনা | প্রধান (সকল সেক্টর/ডিভিশন)<br>পরিকল্পনা কমিশন, |

| ক্রমিক | বিষয়বস্তু ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | প্রক্রিয়াকরণের সাথে সংশ্লিষ্ট পরিকল্পনা কমিশনের ৪টি সেক্টর/ডিভিশনে SDPP প্রকল্প হতে ৩০/০৮/২০২৩ তারিখ পত্র প্রেরণ করা হয়েছে। ০৩/১০/২০২৩ তারিখে প্রাপ্ত তথ্যমতে PPS Software এর মাধ্যমে দাখিলকৃত প্রকল্পের সংখ্যা সংস্থা পর্যায়ে ১৬টি, মন্ত্রণালয়ে প্রাপ্ত ১৮টি এবং পরিকল্পনা কমিশনে প্রাপ্ত ২টি। এছাড়া, উক্ত PPS Software এর মাধ্যমে মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদিত প্রকল্পের সংখ্যা ১টি। PPS সফটওয়্যারের মাধ্যমে অনলাইনে প্রকল্প প্রণয়ন ও প্রক্রিয়াকরণের সংখ্যা মোট ৩৭টি। এ বিষয়ে সভাপতি বলেন, প্রকল্প প্রক্রিয়াকরণের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচরীদের দক্ষতা বৃদ্ধি করার লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখা প্রয়োজন। | বিভাগসহ সকল মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে PPS Software এর মাধ্যমে প্রকল্প প্রকিয়াকরণ বিষয়ে প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে। | প্রকল্প পরিচালক SDPP প্রকল্প, ও সিনিয়র সিস্টেম এনালিস্ট পরিকল্পনা বিভাগ |
| ৪। | **শূন্যপদ পূরণ:**<br>(ক) যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের জন্য অস্থায়ীভাবে সৃজিত পদসমূহ স্থায়ীকরণের নিমিত্ত ১৩/০৮/২০২৩ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। | (ক) জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের জন্য অস্থায়ীভাবে সৃজিত পদসমূহ স্থায়ীকরণ তরান্বিত করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ |
| | (খ) সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, বাজেট অফিসারের শূন্যপদ পূরণের উদ্যোগ ইতোমধ্যে গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে জনপ্রশান মন্ত্রণালয়ে রিকুইজিশন প্রেরণ করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রস্তাবে সাপেক্ষে পিএসসি'র সুপারিশের ভিত্তিতে ৪০তম বিসিএস হতে উক্ত পদসমূহে নিয়োগ প্রদান করা হবে। | (খ) সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী ও বাজেট অফিসারের শূন্যপদ দ্রুততম সময়ে পূরণ করতে হবে। এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় এবং পিএসসি'র সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | |
| ৫। | **বিআইডিএস এর শূন্য পদ পূরণ:**<br>(ক) বিআইডিএস এর রিসার্চ এসোসিয়েটের ৯ম গ্রেডের ০৭টি শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে ০৭/০৯/২০২৩ তারিখে মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হয়। মেধা তালিকার ভিত্তিতে নিয়োগ কমিটি উক্ত পদে ০৪ জন প্রার্থীকে নিয়োগদানের সুপারিশ করে। ১১/০৯/২০২৩ তারিখে অনুষ্ঠিত বিআইডিএস এর বোর্ড সভায় উক্ত ০৪ জন প্রার্থীকে রিসার্চ এসোসিয়েট পদে নিয়োগদানের প্রস্তাব অনুমোদন করা হয়। সে প্রেক্ষিতে প্রার্থীদেরকে নিয়োগ পত্র প্রেরণ করা হয়েছে। | বিআইডিএস এর শূন্যপদের তালিকাসহ শূন্যপদ পূরণে গৃহীত ব্যবস্থার হালনাগাদ অগ্রগতি পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | মহাপরিচালক (বিআইডিএস) |
| | (খ) সহকারী প্রকাশনা কর্মকর্তার ০১টি ও অফিস সহকারী-কাম-কম্পিউটার টাইপিস্টের ০২টি শূন্যপদে পদোন্নতির জন্য ২৫/০৯/২০২৩ তারিখে অভ্যন্তরীণ প্রার্থীদের মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হয়েছে। | | |

| ক্রমিক | বিষয়বস্তু ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (গ) পদোন্নতির প্রক্রিয়া সম্পন্ন হলে উচ্চমান সহকারী, অফিস সহকারী-কাম-কম্পিউটার টাইপিস্ট, সহকারী টেলিফোন অপারেটর ও অফিস সহায়কের শূন্যপদ পূরনের জন্য পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। | | |
| | (ঘ) ১১/০৯/২০২৩ তারিখে বিআইডিএস এর বোর্ডের ১১৪তম সভায় ০৫ জন সিনিয়র রিসার্চ ফেলোকে রিসার্চ ডিরেক্টর পদে পদোন্নতি অনুমোদন করা হয় এবং ১৯/০৯/২০২৩ তারিখে এ সংক্রান্ত অফিস আদেশ জারি করা হয়েছে। এছাড়া, বোর্ডের অনুমোদনক্রমে প্রতিষ্ঠানের রিসার্চ ফেলোর শূন্যপদে ০১ জনকে নিয়োগ প্রদান করা হয়েছে। | | |
| ৬। | **পরিকল্পনা কমিশন এবং পরিকল্পনা বিভাগের সাংগঠনিক কাঠামো পুনর্বিন্যাস:**<br>যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের ৩৩টি ক্যাডার পদ সৃজনে জনপ্রশাসন ও অর্থ বিভাগের সম্মতি পাওয়া গিয়েছে। ৩৩টি ক্যাডার পদ সৃজনের বিষয়টি প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে উস্থাপনের জন্য সার-সংক্ষেপ ২৯/০৮/২০২৩ তারিখে প্রেরণ করা হয়েছে। তিনি আরও জানান যে, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদন পাওয়া গেলে ৩৩টি ক্যাডার পদ সৃজনের পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। | পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের ৩৩টি ক্যাডার পদ সৃজনের বিষয়ে গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্য পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন)<br>পরিকল্পনা বিভাগ |
| ৭। | **পরিকল্পনা বিভাগের রাজস্ব খাতের অডিট আপত্তি:**<br>যুগ্মসচিব (বাজেট, এপিএ ও প্রশিক্ষণ) সভাকে অবহিত করেন যে, পরিকল্পনা বিভাগের রাজস্ব খাতে ২০১৮-১৯ ও ২০২১-২২ অর্থবছরের উত্থাপিত ০৫টি অডিট আপত্তির মধ্যে ইতোমধ্যে ৩টি নিষ্পত্তি হয়েছে, জড়িত টাকার পরিমাণ ৫,৯৬,৩০০/-টাকা। বর্তমানে রাজস্ব খাতে অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ২টি, জড়িত টাকার পরিমাণ ১৩,২৮,৬৫০/-টাকা। অনিষ্পন্ন ২টি আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত আছে। | অনিষ্পন্ন ২টি অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তি করতে হবে। অনিষ্পন্ন অডিট আপত্তির তথ্যসহ নিষ্পত্তির বিষয়ে গৃহীত পদক্ষেপ পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মসচিব (বাজেট, এপিএ ও প্রশিক্ষণ)<br>এবং<br>হিসাবরক্ষণ কর্মকর্তা<br>পরিকল্পনা বিভাগ |
| ৮। | **পরিকল্পনা বিভাগের উন্নয়ন খাতের অডিট আপত্তি:**<br>অতিরিক্ত সচিব (এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ) সভাকে অবহিত করেন যে, অতি সম্প্রতি জনসেবা ও অডিট অধিদপ্তর থেকে উন্নয়ন খাতে অডিট আপত্তি সংক্রান্ত তালিকা পাওয়া যায়। উক্ত তালিকা অনুযায়ী পরিকল্পনা বিভাগের উন্নয়ন খাতে ২০১০-১১ হতে ২০২১-২২ অর্থবছর পর্যন্ত উত্থাপিত ১১২টি অডিট | জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (NAPD) এবং জাতীয় উন্নয়ন প্রশাসন একাডেমি (NADA) সংশ্লিষ্ট অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ দ্রুত জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং অবশিষ্ট অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির | অতিরিক্ত সচিব (এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ)<br>এবং<br>সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ (প্রকল্প পরিচলকের অনুপস্থিতিতে সংশ্লিষ্ট |

| ক্রমিক | বিষয়বস্তু ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | আপত্তির মধ্যে ইতোমধ্যে ৮৩টি আপত্তি নিষ্পত্তি হয়েছে, জড়িত টাকার পরিমান ১২৩.৮০৬৮ কোটি টাকা এবং অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ২৯টি, জড়িত টাকার পরিমাণ ৭.৩১২০ কোটি টাকা। তিনি আরও বলেন, উক্ত ২৯টি অনিষ্পন্ন অডিট আপত্তির বেশ কয়েকটি জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (NAPD) এবং জাতীয় উন্নয়ন প্রশাসন একাডেমি (NADA) সংক্রান্ত। বর্তমানে NAPD এর NADA জনপ্রশাসন মন্ত্রণালয়ে ন্যস্ত বিধায় উক্ত অডিট আপত্তিসমূহ জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। অনিষ্পন্ন ২৯টি আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত আছে। | লক্ষ্যে অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | বিভাগের প্রধান) |
| ৯। | **বিআইডিএস এর অডিট আপত্তি:**<br>বিআইডিএস এর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, বিআইডিএস এর ২টি অনিষ্পন্ন অডিট আপত্তি (জড়িত টাকা ৬,৩৯,২০৬/-) নিষ্পত্তির লক্ষ্যে আইটি ও জনসেবা অধিদপ্তরের সাথে নিয়মিতভাবে যোগাযোগ করা হচ্ছে। তিনি আশা প্রকাশ করে বলেন, খুব দ্রুততম সময়ে অনিষ্পন্ন আপত্তি ২টি নিস্পত্তি হবে। | অনিষ্পন্ন ২টি আপত্তি দ্রুত নিষ্পত্তি করতে হবে। অনিষ্পন্ন আপত্তির তথ্যসহ নিষ্পত্তির বিষয়ে গৃহীত পদক্ষেপ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | মহাপরিচালক বিআইডিএস, যুগ্মসচিব (প্রশিক্ষণ, বাজেট ও এপিএ) পরিকল্পনা বিভাগ |
| ১০। | **শাখা পরিদর্শন:**<br>যুগ্মসচিব (সমন্বয়) সভাকে অবহিত করেন যে, কর্মপরিকল্পনা অনুযায়ী বিবেচ্য মাসে পরিকল্পনা বিভাগের ৪জন, পরিকল্পনা কমিশনের ২জন এবং বিআইডিএস কর্মকর্তাবৃন্দ নিজ নিজ অনুবিভাগ/অধিশাখা/শাখা পরিদর্শন করে সুপারিশসহ পরিদর্শন প্রতিবেদন দাখিল করেছেন। কর্মপরিকল্পনা অনুযায়ী নিজ নিজ শাখা পরিদর্শন করায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন, সচিবালয় নির্দেশমালা অনুযায়ী কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক নির্ধারিত সময় অন্তর সকল কর্মকর্তা নিজ নিজ শাখা পরিদর্শন করা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। গতানুগতিক রুটিন কাজ হিসেবে দায়সারাভাবে শাখা পরিদর্শন না করে যথাযথ নিয়ম অনুসরণপূর্বক শাখা পরিদর্শনের মাধ্যমে শাখার কাজের মান বৃদ্ধি এবং শাখার সমস্যা নিরূপণ করে তা সমাধানের পদক্ষেপ গ্রহণের জন্য সভাপতি সকলকে নির্দেশনা প্রদান করেন। | সচিবালয় নির্দেশমালা অনুযায়ী কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক নির্ধারিত সময় অন্তর যথাযথ নিয়ম অনুসরণপূর্বক শাখা পরিদর্শনের মাধ্যমে শাখার কাজের মান বৃদ্ধি করতে হবে এবং শাখার সমস্যা নিরূপণ করে তা সমাধানের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | মহাপরিচালক (বিআইডিএস)/প্রধান (সকল) পরিকল্পনা কমিশন/অতিরিক্ত সচিব (সকল)/যুগ্মসচিব (সকল)/উপসচিব (সকল)/সিনিয়র সহকারী সচিব (সকল)/সহকারী সচিব (সকল) পরিকল্পনা বিভাগ |
| ১১। | **নথি বিনষ্টকরণ:**<br>যুগ্মসচিব (সমন্বয়) সভাকে অবহিত করেন যে, সিদ্ধান্ত অনুযায়ী বিনষ্টযোগ্য নথির তালিকা প্রস্তুতপূর্বক নথি বিনষ্টকরণের জন্য কার্যক্রম বিভাগ হতে ছয় সদস্য | উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট থেকে অনুমোদন নিয়ে পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা কমিশনের সেক্টর | প্রধান (সকল) পরিকল্পনা কমিশন, যুগ্মসচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ |

| ক্রমিক | বিষয়বস্তু ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। পরিকল্পনা কমিশনের অবশিষ্ট ৫টি সেক্টর/ডিভিশন এবং পরিকল্পনা বিভাগ হতে এ সংক্রান্ত অগ্রগতির তথ্য পাওয়া যায়নি। এ বিষয়ে সভাপতি জানান যে, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ থেকে বিগত দুই অর্থবছরে ইতোমধ্যে দুইবার নথি বিনষ্ট করা হয়েছে। বিআইডিএস এর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, বিআইডিএস এর বিনষ্টযোগ্য নথিসমূহের তালিকা প্রস্তুত করে তা বিনষ্ট করা হয়েছে এবং ১৬ জুলাই ২০২৩ তারিখে প্রমাণক পরিকল্পনা বিভাগের কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখায় প্রেরণ করা হয়েছে। সভাপতি এ বিষয়ে আরও বলেন যে, নথি বিনষ্টের পূর্বে বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়নপূর্বক উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে পরিকল্পনা কমিশন, পরিকল্পনা বিভাগ এবং বিআইডিএস এর শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ নিজ নিজ শাখার নথি বিনষ্টকরণের পদক্ষেপ গ্রহণ করতে পারেন। তিনি আরও বলেন, আগামী নভেম্বর ২০২৩ এর মধ্যে বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়নপূর্বক ডিসেম্বর ২০২৩ এর মধ্যে তা পোড়ানোর ব্যবস্থা করা যেতে পারে। | ডিভিশনসমূহ এবং বিআইডিএস নভেম্বর ২০২৩ এর মধ্যে সচিবালয় নির্দেশমালা অনুযায়ী স্ব-স্ব কার্যালয়ের বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়নপূর্বক ডিসেম্বর ২০২৩ এর মধ্যে তালিকাভুক্ত নথিসমূহ যথাযথ নিয়মে বিনষ্টের পদক্ষেপ গ্রহণ করবে। | ও<br>যুগ্মসচিব (সকল)<br>পরিকল্পনা বিভাগ |
| ১২। | **ই-নথির ব্যবহার:**<br>যুগ্মসচিব (সমন্বয়) সভাকে অবহিত করেন যে, ই-নথিতে আগস্ট ২০২৩ মাসে পরিকল্পনা বিভাগ থেকে উপস্থাপিত নথির সংখ্যা ২৩৬টি এবং সেপ্টেম্বর ২০২৩ মাসে ১৮৪টি। আগস্ট ২০২৩ থেকে সেপ্টেম্বর ২০২৩ মাসে পরিকল্পনা বিভাগে ই-নথির ব্যবহার হ্রাস পেয়েছে। অপরদিকে, ই-নথিতে আগস্ট ২০২৩ মাসে পরিকল্পনা কমিশন থেকে উপস্থাপিত নথির সংখ্যা ৫১৯টি এবং সেপ্টেম্বর ২০২৩ মাসে ৫২৯টি। আগস্ট ২০২৩ থেকে সেপ্টেম্বর ২০২৩ মাসে পরিকল্পনা কমিশনে ই-নথির ব্যবহার বৃদ্ধি পেয়েছে। ই-নথিতে আগস্ট ২০২৩ মাসে বিআইডিএস এর উপস্থাপিত নথির সংখ্যা ১১৪টি। সেপ্টেম্বর ২০২৩ মাসে বিআইডিএস এর ই-নথির তথ্য পাওয়া যায়নি। ই-নথির ব্যবহার বৃদ্ধি করার বিষয়ে সভাপতি গুরুত্বারোপ করে বলেন, কর্মক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে এবং এপিএ লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ই-নথির ব্যবহার বৃদ্ধি করা আবশ্যক। | ই-নথির ব্যবহার বৃদ্ধি করতে হবে। এপিএ-এর নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে আর্থিক বিষয় সংশ্লিষ্ট নথি ব্যতীত অন্যান্য সকল নথি ই-নথির মাধ্যমে উপস্থাপন করতে হবে। | মহাপরিচালক (বিআইডিএস)/<br>সকল কর্মকর্তা<br>পরিকল্পনা কমিশন/<br>পরিকল্পনা বিভাগ |
| ১৩। | **মামলা মোকাদ্দমার ফলোআপ:**<br>যুগ্মসচিব (সমন্বয়) সভাকে অবহিত করেন যে, পরিকল্পনা বিভাগের নিম্নোক্ত ২টি মামলা মহামান্য আদালতে চলমান রয়েছে: | চলমান মামলা নিস্পত্তির কার্যক্রম নিয়মিত ফলোআপ করতে হবে এবং হালনাগাদ তথ্য মাসিক সমন্বয় সভায় | যুগ্মসচিব (আইন)<br>পরিকল্পনা বিভাগ |

| ক্রমিক | বিষয়বস্তু ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (i) রিট পিটিশন নং-৯০৫৩/২০১৯, প্রকল্পের জনবল রাজস্ব খাতে স্থানান্তর সংক্রান্ত। মামলাটি ২৫নং কোর্টে রুল এর অপেক্ষায় রয়েছে।<br>(ii) রিট পিটিশন নং-৬১৫৭/২০২১, পারিবারিক পেনশন সংক্রান্ত। মামলাটি ১৭ নং কোর্টে শুনানীর অপেক্ষায় রয়েছে। | উপস্থাপন করতে হবে। | |
| ১৪। | **অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস):**<br>যুগ্মসচিব (বাজেট, এপিএ ও প্রশিক্ষণ) সভাকে অবহিত করেন যে, প্রাপ্ত অভিযোগসমূহ নিষ্পত্তিকরণপূর্বক প্রতিবেদন প্রতিমাসের ১০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ ও পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হয়। | জিআরএস এর আওতায় প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি করে প্রতিবেদন যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | ফোকাল পয়েন্ট (জিআরএস)<br>ও<br>গবেষণা কর্মকর্তা<br>কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা |
| ১৫। | **তথ্য অধিকার:**<br>যুগ্মসচিব (সমন্বয়) সভাকে অবহিত করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য প্রাপ্তির আবেদন যথাসময়ে নিষ্পত্তি করা হয়। সেপ্টেম্বর ২০২৩ মাসে পরিকল্পনা বিভাগে একটি তথ্য প্রদানের আবেদন পাওয়া গিয়েছে। আবেদনটি ১৪/০৯/২০২৩ তারিখে নিষ্পত্তি করা হয়েছে। | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য প্রাপ্তির আবেদন যথাসময়ে নিষ্পত্তি করতে হবে। তথ্য প্রাপ্তির কোন আবেদন অনিষ্পন্ন রাখা যাবে না। | মহাপরিচালক (বিআইডিএস)<br>এবং<br>তথ্য প্রদানকারী কর্মকর্তা/ বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা<br>পরিকল্পনা বিভাগ |
| ১৬। | **প্রশিক্ষণ:**<br>যুগ্মসচিব (বাজেট, এপিএ ও প্রশিক্ষণ) সভাকে অবহিত করেন যে, তথ্য অধিকার আইনের বিধি বিধান সম্পর্কে প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত কার্যক্রম প্রশিকৃষণ শাখা হতে অচিরেই শুরু করা হবে। কর্মকর্তা ও কর্মচারীগণের স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য নিয়মিত আইসিটি সেল হতে হালনাগাদ করা হয়। সভায় কর্মকর্তাও কর্মচারীগণের স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণের তালিকা উপস্থাপন করা হয়। | পরিকল্পনা কমিশন ও পরিকল্পনা বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণের তথ্য নিয়মিত হালনাগাদ করতে হবে। প্রশিক্ষণে অংশগ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীদের অফিস আদেশ এর কপি আইসিটি সেলে প্রেরণের জন্য সভাপতি পরিকল্পনা কমিশনের সকল সেক্টর/ডিভিশন এবং পরিকল্পনা বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ/অধিশাখা/শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করেন। | যুগ্মসচিব (প্রশিক্ষণ), প্রকল্প পরিচালক (সকল)<br>ও<br>সিনিয়র সিস্টেম এনালিস্ট<br>পরিকল্পনা বিভাগ |
| ১৭। | **সিটিজেন চার্টার:**<br>যুগ্মসচিব (বাজেট, এপিএ ও প্রশিক্ষণ) সভাকে অবহিত করেন যে, পরিকল্পনা কমিশন ও পরিকল্পনা বিভাগের সকল শাখা/অধিশাখা কর্তৃক প্রণীত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) অনুযায়ী নির্দিষ্ট কার্যক্রম বাস্তবায়ন করা হয়। প্রত্যেক ত্রৈমাসিকে সিটিজেন চার্টার | পরিকল্পনা কমিশন ও পরিকল্পনা বিভাগের সকল শাখা/অধিশাখা এবং বিআইডিএস এর সিটিজেন চার্টার নিয়মিত হালনাগাদ করতে হবে এবং ওয়েবসাইটে আপলোড করতে হবে। | মহাপরিচালক (বিআইডিএস),<br>যুগ্মসচিব<br>কর্মসম্পাদন ব্যস্থাপনা শাখা<br>এবং<br>সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |

| ক্রমিক | বিষয়বস্তু ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ওয়েবসাইটে প্রকাশ করা হয়। | | পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশন |
| ১৮। | **জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) বাস্তবায়ন:** যুগ্মসচিব (বাজেট, এপিএ ও প্রশিক্ষণ) সভাকে অবহিত করেন যে, নির্ধারিত সময়ের মধ্যে 'এনআইএস' বাস্তবায়ন সংক্রান্ত হালনাগাদকৃত তথ্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। এছাড়া, বিআইডিএস এর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, বিআইডিএস এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন নিয়মিতভাবে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য যথাসময়ে পরিকল্পনা বিভাগে প্রেরণ করা হচ্ছে। এছাড়া ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল যথাযথ বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে। | এনআইএস বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন হালনাগাদপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | মহাপরিচালক (বিআইডিএস)/ যুগ্মসচিব (বাজেট, এপিএ ও প্রশিক্ষণ) এবং এনআইএস ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ১৯। | **এপিএ লক্ষ্যমাত্রা বাস্তবায়ন:** যুগ্মসচিব (বাজেট, এপিএ ও প্রশিক্ষণ) সভাকে অবহিত করেন যে, এপিএ সূচক বাস্তবায়ন হচ্ছে কি-না তা নিয়মিতভাবে মনিটরিং করা হচ্ছে। এপিএ লক্ষ্যমাত্রা বাস্তবায়নের জন্য এপিএ টিম লিডার এর সভাপতিত্বে প্রতি ০২ মাস পর পর এপিএ টিমের সভা আয়োজন করা হয়। | এপিএ লক্ষ্যমাত্রা বাস্তবায়নের লক্ষ্যে প্রতিটি সূচকের বিপরীতে কর্মপরিকল্পনা গ্রহণপূর্বক কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | যুগ্মসচিব (বাজেট ও এপিএ) ও উপসচিব কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা |
| ২০। | **বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী ও সচেতনতা বৃদ্ধি:** সভাকে অবহিত করা হয় যে, পরিকল্পনা বিভাগের যুগ্মসচিব (প্রশাসন) এবং গণপূর্ত ই/এম বিভাগ হতে নিয়মিতভাবে পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের কক্ষসমূহ মনিটরিং করা হয়। | পরিকল্পনা কমিশন চত্বরে অনাকাঙ্খিত দুর্ঘটনা রোধকল্পে অধিকতর সতর্কতা অবলম্বনের নিমিত্ত অফিস কক্ষ ত্যাগ করার সময় আবশ্যিকভাবে কক্ষের এসির, লাইট ও ফ্যান বন্ধ করে কক্ষ ত্যাগ করা এবং এসির তাপমাত্রা সরকার নির্ধারিত তাপমাত্রার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন) এবং উপ-বিভাগীয় প্রকৌশলী (গণপূর্ত ই/এম বিভাগ-১৪) শেরেবাংলা নগর, ঢাকা |
| ২১। | **পরিকল্পনা কমিশন চত্বরের নিরাপত্তা জোরদারকরণ:** সভাকে অবহিত করা হয় যে, পরিকল্পনা কমিশন চত্বরের নিরাপত্তা জোরদার করা হয়েছে। পরিকল্পনা কমিশন চত্বরে প্রবেশের সময় কর্মকর্তা কর্মচারীদের পরিচয়পত্র পরীক্ষা করা হয়। পাশ ব্যতীত কোন দর্শনার্থী প্রবেশ করতে দেয়া হয়না। রিক্সা/সিএনজি এ জাতীয় যানবাহন পরিকল্পনা কমিশন চত্বরে প্রবেশের অনুমতি দেয়া হয়না। সভায় জানানো হয় যে, জনতা ব্যাংকে অফিসের বাইরের গ্রাহকদের যাতায়াতের কারণে অফিসের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে। সভাপতি এ বিষয়ে বলেন, পরিকল্পনা | সচিবালয়ের অনুরূপ টেকনোলজি ব্যবহার করে পরিকল্পনা কমিশন চত্বরকে সিসিটিভির আওতাভুক্তকরণসহ কর্মকর্তা/কর্মচারীদের ডিজিটাল আইডি কার্ড এবং ডিজিটাল পাশের মাধ্যমে পরিকল্পনা কমিশনের নিরাপত্তা জোরদার করতে হবে। অনাকাঙ্খিত যে কোনো ঘটনা | যুগ্মসচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ/নির্বাহী প্রকৌশলী (গণপূর্ত বিভাগ-২/ উপপুলিশ পরিদর্শক পরিকল্পনা কমিশন চত্বর |

| ক্রমিক | বিষয়বস্তু ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | কমিশন চত্বর সরকারের একটি গুরুত্বপূর্ণ স্থাপনা। এখানে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে নিয়মিত একনেক সভা অনুষ্ঠিত হয়। মাননীয় পরিকল্পনা মন্ত্রী, মাননীয় পরিকল্পনা প্রতিমন্ত্রী, পরিকল্পনা কমিশনের সদস্যবৃন্দ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব, আইএমইডি'র সচিবসহ সরকারের গুরুত্বপূর্ণ কর্মকর্তাবৃন্দ নিয়মিত অফিস করেন। অনাকাঙ্খিত যেকোন ঘটনা পরিহারের লক্ষ্যে প্রয়োজনে জনতা ব্যাংকের গ্রাহকদের যাতায়াতের জন্য আলাদা গেইট করা যেতে পারে। সচিবালয়ের অনুরূপ টেকনোলজি ব্যবহার করে পরিকল্পনা কমিশন চত্বরকে সিসিটিভির আওতাভুক্তকরণসহ কর্মকর্তা/কর্মচারীদের ডিজিটাল আইডি কার্ড এবং ডিজিটাল পাশের মাধ্যমে পরিকল্পনা কমিশনের নিরাপত্তা জোরদারকরণের বিষয়ে সভাপতি গুরুত্বারোপ করেন। | পরিহারের লক্ষ্যে সরকারের গুরুত্বপূর্ণ মন্ত্রী এবং কর্মকর্তাদের নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনে জনতা ব্যাংকের গ্রাহকদের যাতায়াতের জন্য আলাদা গেইট করা যেতে পারে। | |
| ২২। | **ডিজিটাল হাজিরা:**<br>কর্মকর্তা/কর্মচারীদের ডিজিটাল উপস্থিতির তালিকা সভায় উপস্থাপন করা হয়। সভাপতি এ বিষয়ে বলেন, বর্তমান ডিজিটাল ব্যবস্থায় পরিকল্পনা বিভাগের সচিব, পরিকল্পনা কমিশনের সদস্যবৃন্দ অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতি দেখতে পারেন না। কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতি নিয়মিত দেখার জন্য ডিজিটাল সিস্টেমে পরিকল্পনা বিভাগের সচিব এবং পরিকল্পনা কমিশনের সদস্যবৃন্দের প্রবেশ সুবিধা (accessibility) রাখা প্রয়োজন। এ বিষয়ে আইসিটি সেল হতে জানানো হয় যে, বর্তমান ডিজিটাল হাজিরা সিস্টেমে এ ধরনের সুবিধা (feature/advantage) নেই। তা'ছাড়া বর্তমানে ব্যবহৃত ডিজিটাল সিস্টেম অনেক পুরোনো বিধায় আপগ্রেড করাও সম্ভব নয়। ডিজিটাল হাজিরা সিস্টেমে পরিকল্পনা বিভাগের সচিব এবং পরিকল্পনা কমিশনের সদস্যবৃন্দের access দিতে হলে নতুন ডিজিটাল সিস্টেম স্থাপন করার প্রয়োজন হবে বলে আইসিটি সেল হতে জানানো হয়েছে। | কর্মকর্তা/কর্মচারীদের নিয়মিত উপস্থিতি নিয়মিত দেখার জন্য ডিজিটাল সিস্টেমে পরিকল্পনা বিভাগের সচিব এবং পরিকল্পনা কমিশনের সদস্যবৃন্দের প্রবেশ সুবিধা (accessibility) রাখতে হবে। প্রয়োজনে নতুন ডিজিটাল সিস্টেম স্থাপনের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। | যুগ্মসচিব (প্রশাসন), পরিকল্পনা বিভাগ/ সিনিয়র সিস্টেম এনালিস্ট, পরিকল্পনা বিভাগ |
| ২৩। | পরিকল্পনা কমিশন চত্বরে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের স্বাস্থ্য সেবার মান বৃদ্ধির বিষয়ে কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক সচিব মহোদয় বরার দাখিল করার জন্য সাধারণ-১ শাখা হতে একটি কমিটি গঠন করা হয়েছে। প্রয়োজনীয় আসবাবপত্রের চাহিদা প্রেরণের জন্য ক্লিনিকে পত্র প্রেরণ করা হয়েছে। সভায় উপস্থিত কর্মকর্তাগণ জানান, পরিকল্পনা কমিশন চত্বরে অবস্থিত মেডিক্যাল মেশিনারির একটি ডিসপেনচারী যাতে শুধুমাত্র ব্লাড | পরিকল্পনা কমিশন চত্বরে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের স্বাস্থ্য সেবার মান বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ সচিবালয় ক্লিনিকের অনুরূপ একটি মেডিকেল সেন্টার স্থাপন অথবা সচিবালয় ক্লিনিকের একটি পূর্ণাঙ্গ শাখা স্থাপনের জন্য স্বাস্থ্য সেবা বিভাগের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা | যুগ্মসচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ<br>ও<br>মেডিকেল অফিসার পরিকল্পনা কমিশন চত্বর |

| ক্রমিক | বিষয়বস্তু ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | সুগার এবং ব্লাড প্রেসার মাপার ব্যবস্থা রয়েছে। জরুরী প্রয়োজনে কর্মকর্তা/কর্মচারীদের সেবা প্রদানের জন্য কোন এ্যাম্বুলেন্স নেই। তাছাড়া ইসিজি মেশিনসহ অন্য কোন মেডিকেল যন্ত্রপাতি এবং আধুনিক কোন ফার্মেসী না থাকায় অসুস্থ কর্মকর্তা/কর্মচারীদের প্রয়োজনমত স্বাস্থ্য সেবা দেয়া সম্ভব হচ্ছে না এবং এতে জনবলের স্বল্পতা রয়েছে। এ বিষয়ে সহকারী সচিব (সমন্বয়) বলেন, বিষয়টি ইতোপূর্বেও ১৩ জুন ২০২১ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় আলোচনা করা হয়েছে। আলোচনা ও সিদ্ধান্ত মোতাবেক পরিকল্পনা কমিশন চত্বরে বাংলাদেশ সচিবালয় ক্লিনিকের অনুরূপ একটি মেডিকেল সেন্টার স্থাপন অথবা সচিবালয় ক্লিনিকের একটি পূর্ণাঙ্গ শাখা স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ বরাবর ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখে প্রস্তাব প্রেরণ করা হয়। স্বাস্থ্য সেবা বিভাগ হতে এ বিষয়ে কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি। পরিকল্পনা কমিশন চত্বরে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের স্বাস্থ্য সেবার মান বৃদ্ধির বিষয়ে পুনরায় স্বাস্থ্য সেবা বিভাগের সাথে যোগাযোগ করে ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। | গ্রহণ করতে হবে। | |
| ২৪। | **এক ঠিকানায় সরকারি সেবা 'মাইগভ' প্ল্যাটফর্মে নাগরিক সেবা প্রদান:**<br>স্মার্ট বাংলাদেশের স্মার্ট গভর্নমেন্ট বাস্তবায়নের ক্ষেত্রে সকল সেবার সমন্বিত প্লাটফর্ম "মাইগভ" বিষয়ে এক ঠিকানায় সরকারি সেবা 'মাইগভ' প্ল্যাটফর্মে নাগরিক সেবা প্রদান বেগবানকরণ করার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের ১৯/০৯/২০২৩ তারিখের ০৪.০০.০০০০.৮৩৩. ৯৯.০০৫.২০.১৭০ নং পত্রটির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সভায় উপস্থাপন করা হয়। পত্রটি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। পত্রটির বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ এবং a2i এর সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | মন্ত্রিপরিষদ বিভাগ এবং a2i এর সাথে যোগাযোগ করে এক ঠিকানায় সরকারি সেবা 'মাইগভ' প্ল্যাটফর্মে পরিকল্পনা কমিশন ও পরিকল্পনা বিভাগ সংশ্লিষ্ট নাগরিক সেবা ডিজিটাইজড করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন)<br>পরিকল্পনা বিভাগ<br>ও<br>সিনিয়র সিস্টেম এনালিস্ট<br>পরিকল্পনা বিভাগ |

Nasima 05/10/2023

(মোসাম্মৎ নাসিমা বেগম)
সিনিয়র সচিব
পরিকল্পনা বিভাগ

পরিশিষ্ট-ক

পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ সদস্য (সিনিয়র সচিব) মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত অক্টোবর ২০২৩ মাসের মাসিক সমন্বয় সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা:

সভাপতি : মোসাম্মৎ নাছিমা বেগম
সদস্য (সিনিয়র সচিব) পরিকল্পনা কমিশন

সভার তারিখ ও সময় : ০৪ অক্টোবর ২০২৩ বেলা ২:৩০ ঘটিকা

স্থান : পরিকল্পনা বিভাগের এনইসি সম্মেলন কক্ষ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | কর্মস্থল | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | খন্দকার আহসান হোসেন<br>প্রধান | কার্যক্রম বিভাগ | | [signature] |
| ২. | ড. মো: মোস্তাফিজুর রহমান<br>প্রধান (অ.দা.) | শিল্প ও শক্তি বিভাগ, পক | — | [signature] |
| ৩. | মো: [illegible] মিয়া<br>[illegible] | এনইসি-একনেক | | [signature] |
| ৪. | শেফালী বেগম<br>যুগ্মসচিব | পরিকল্পনা বিভাগ | — | [signature] |
| ৫. | মো: [illegible] সিদ্দিক<br>যুগ্ম প্রধান | বিআইডি | ০১৭৫৫৬১২২৭০ | [signature] |
| ৬. | [illegible]<br>যুগ্মপ্রধান | শিল্প ও শক্তি বিভাগ | ০১৭১৮৮৬২৫৫৭ | [signature] |
| ৭. | আদিবা আফরিন<br>যুগ্মসচিব | পরিকল্পনা বিভাগ | 01819215119 | [signature] |
| ৮. | নুসরাত নোমান<br>যুগ্ম প্রধান | কার্যক্রম বিভাগ | | [signature] |
| ৯. | [illegible]<br>উপসচিব | পরিকল্পনা বিভাগ | | [signature] |
| ১০. | হুরে জান্নাত<br>উপপ্রধান (উপসচিব) | পরিকল্পনা বিভাগ | 01754601983 | [signature] |
| ১১. | মো: [illegible]<br>যুগ্মপ্রধান | [illegible] | 01979-230050 | [signature] |
| ১২. | মনিরা পারভীন<br>সিনিয়র সহকারী সচিব | পরিকল্পনা বিভাগ | ০১৭২২৯৯১৬৮৯ | [signature] 08-10-202[illegible] |
| ১৩. | ড. মো: হারুনুর রশিদ ভূঁইয়া<br>রিসার্চ ফেলো | বিআইডিএস | — | [signature] |
| ১৪. | [illegible] চন্দ্র সরকার | BBS | 0627511595 | [signature] |
| ১৫. | মোহা: [illegible]<br>[illegible] | [illegible] | 01552566895 | [signature] |
| ১৬. | সেলিনা বিনতে মামুদ<br>প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা | পরিকল্পনা বিভাগ | 01777210555 | [signature] |